



সংখ্যা : ১৫.৫৫.০০০০.৩০১.১৭.০৮৮.১৮.২৩৬

তারিখ : ২২ আগস্ট ২০২১ খ্রি.

## প্রেস রিলিজ

ঢাকা, ২২ আগস্ট ২০২১ খ্রি.

স্বাধীনতার মহান স্থপতি, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর ৪৬তম শাহাদাত বার্ষিকী এবং জাতীয় শোক দিবস উপলক্ষ্যে তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ধীন জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউটে “শোক থেকে শক্তি : বঙ্গবন্ধু, গণমাধ্যম ও বাংলাদেশের অভিযাত্রা” শীর্ষক দিনব্যাপী এক সেমিনার ২২ আগস্ট ২০২১ খ্রি. তারিখ রবিবার অনলাইন (Zoom-এ) অনুষ্ঠিত হয়।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী ড. হাছান মাহমুদ, এমপি ও প্রতিমন্ত্রী ডা. মো. মুরাদ হাসান, এমপি এবং সচিব জনাব মো. মকবুল হোসেন অনলাইনে (Zoom) সংযুক্ত ছিলেন। জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউটের মহাপরিচালক (অতিরিক্ত সচিব) জনাব শাহিন ইসলাম, এনডিসি অনুষ্ঠানে সভাপতিত্ব করেন। অধ্যাপক ড. সৈয়দ আনোয়ার হোসেন, লে. কর্নেল (অব:) কাজী সাজ্জাদ আলী জহির বীর প্রতীক এবং জনাব জাফর ওয়াজেদ, মহাপরিচালক, বাংলাদেশ প্রেস ইনস্টিটিউট সেমিনারের বিষয়বস্তুর উপর আলোচনা করেন। সেমিনারে জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউটসহ তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ধীন অন্যান্য দপ্তরের দপ্তর প্রধানসহ অন্যান্য কর্মকর্তা এবং ইলেকট্রনিক গণমাধ্যম ও কমিউনিটি রেডিওর প্রতিনিধি অংশগ্রহণ করেন।

উন্মুক্ত আলোচনায় বাংলাদেশ টেলিভিশনের মহাপরিচালক জনাব সোহরাব হোসেন বক্তব্য রাখেন। আলোচকগণ সঠিক ইতিহাস চর্চার মাধ্যমে মুক্তিযুদ্ধ, শোকাবহ ১৫ আগস্ট, অপ্রকাশিত বিষয়বস্তুর সত্য উন্মোচন করে বাংলাদেশের অভিযাত্রায় দায়িত্বশীল গণমাধ্যম চর্চার আহবান জানান।

আবদুল হান্নান  
গণসংযোগ কর্মকর্তা  
ফোন : ৫৫০৭৯৩৮-৪২

### বিতরণ :

- ১। প্রধান তথ্য অফিসার, তথ্য অধিদফতর, ঢাকা
- ২। মূখ্য বার্তা সম্পাদক/ চীফ রিপোর্টার, বাংলাদেশ টেলিভিশন/ বাংলাদেশ বেতার/ বাংলাদেশ সংবাদ সংস্থা/ এটিএন বাংলা/ চ্যানেল আই/ একুশেটিভি/ এনটিভি/ সময় টিভি/দৈনিক ইত্তেফাক/ দৈনিক জনকণ্ঠ/ দৈনিক প্রথম আলো/ দৈনিক যুগান্তর/বাংলাদেশ প্রতিদিন/দৈনিক ভোরের পাতা/দৈনিক সকালের খবর/দৈনিক ভোরের কাগজ।
- ৩। প্রধান নির্বাহী, কমিউনিটি রেডিও, ঢাকা।
- ৪। প্রোগ্রামার/সহকারী প্রোগ্রামার, জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট, ঢাকা। (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
- ৫। কার্যালয় নথি।